**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকারের মূল লক্ষ্য হল শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা প্রদান করা।**
**(২) কেন্দ্রীয় গ্রামোন্নয়ন, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আগামী ১১ই ফেব্রুয়ারি রাজ্য সফরে আসছেন।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিক্ষার্থীদের পরীক্ষার বাইরেও জীবন দক্ষতা, খেলাধুলা, সৃজনশীলতা এবং আত্ম-বিকাশের দিকে মনোনিবেশ করতে অনুপ্রাণিত করেছেন।**
**(৪) সংখ্যালঘু কল্যাণমন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, পিএম জনমন প্রকল্পের মাধ্যমে রাজ্যে দুর্বল জনজাতি গোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক উন্নতি হচ্ছে।**
**(৫) কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের ট্রাউ দল জয়লাভ করেছে।**

*******************************

**CM-Workshop :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকারের মূল লক্ষ্য হল শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা প্রদান করা। বিশেষ করে ডিজিটাল শিক্ষা ব্যবস্থার উপর জোর দেওয়া। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ন্যাশনাল সেন্টার ফর স্কুল লিডারশিপ এবং ন্যাশনাল ইনস্টিটিউট অফ এডুকেশনাল প্ল্যানিং এন্ড অ্যাডমিনিস্ট্রেশনের যৌথ উদ্যোগে আয়োজিত উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির স্কুল লিডারশিপ একাডেমির তিনদিনব্যাপী পর্যালোচনা বৈঠক ও কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, শিক্ষা

প্রতিষ্ঠানের মূল কান্ডারি হচ্ছেন শিক্ষকরা, যারা তরুণ প্রজন্মের মধ্যে প্রকৃত শিক্ষা প্রদান এবং দেশপ্রেমের মতো মূল্যবোধ জাগানোর জন্য দায়িত্বশীল ভূমিকা পালন করছেন। মুখ্যমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৃত্তিমূলক শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। তিনি রাজ্য সরকার দ্বারা শিক্ষা ক্ষেত্রে গৃহীত প্রকল্পগুলির উল্লেখ করেন।

************************

**Labour Minister :**

শ্রমমন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের সোনামুখিতে শ্রম দপ্তরের জেলা কার্যালয়ের ত্রিতল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এটি নির্মানে ব্যয় হবে দুই কোটি বাহান্ন লক্ষ টাকা। শ্রমমন্ত্রী বলেন, আগামীদিনে বিলোনিয়া, উদয়পুর ও খোয়াইতে এধরনের জেলা অফিস ভবন স্থাপন করা হবে। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, শ্রম কমিশনার বিশ্বজিৎ পাল প্রমুখ।

****************************

**Central Minister Visit :**

কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আগামী ১১ই ফেব্রুয়ারি রাজ্য সফরে আসছেন। ঐদিন সকাল সাড়ে ১১টায় তিনি আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে গ্রামোন্নয়ন দপ্তরের উদ্যোগে এবং পঞ্চায়েত দপ্তরের সহযোগিতায় আয়োজিত 'বিকশিত ভারত-জি রাম জি আইন ২০২৫ প্রণয়ণ উপলক্ষে জনপ্রতিনিধি সম্মেলন এবং বিভিন্ন গ্রামোন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও লাভার্থী সম্মাননা' অনুষ্ঠানের উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ও রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ ও রাজ্যের তিন সাংসদ।

***************************

**Workshop-South :**

ত্রিপুরা জনজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে আজ থেকে শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে জনজাতি মহিলাদের বস্ত্র বয়নের উপর ৩০ দিনব্যাপী এক কর্মশালা শুরু হয়েছে। বিধায়ক প্রমোদ রিয়াং এই কর্মশালার উদ্বোধন করেন। জোলাইবাড়ি এবং বকাফা ব্লকের ২০ জন জনজাতি মহিলা এই কর্মশালায় প্রশিক্ষণ নেবেন।

***************************

**Package Story NSD-25th BRM 2026 :**

২৫তম ভারত রঙ্গ মহোৎসব ন্যাশনাল স্কুল অফ ড্রামার উদ্যোগে বিশ্বের সবচেয়ে বড় আন্তর্জাতিক নাট্যমহোৎসব। চলতি বছরের উৎসবে ২৭শে জানুয়ারি থেকে ২০শে ফেব্রুয়ারি মোট ২৫ দিনে ২২৮টি ভারতীয় ও আন্তর্জাতিক ভাষায় ২৭৭টিরও বেশি প্রযোজনা প্রদর্শিত হবে। উৎসবের অঙ্গ হিসেবে আগরতলার নজরুল কলাক্ষেত্রে এন.এস.ডি কেন্দ্রের তত্বাবধানে গতকাল থেকে টানা পাঁচ দিনে চলছে ৫টি নাটকের প্রদর্শনী। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#####

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Pariksha Pe Charcha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিক্ষার্থীদের পরীক্ষার বাইরেও জীবন দক্ষতা, খেলাধুলা, সৃজনশীলতা এবং আত্ম-বিকাশের দিকে মনোনিবেশ করতে অনুপ্রাণিত করেছেন। আজ পরীক্ষা পে চর্চার নবম সংস্করণে প্রকাশিত দ্বিতীয় ভিডিও পর্বে, প্রধানমন্ত্রী পরীক্ষার সময় চাপ এবং উদ্বেগ কীভাবে কাটিয়ে উঠতে হয় সে সম্পর্কে শিক্ষার্থীদের সামনে বক্তব্য রাখেন।

তিনি শিক্ষার্থীদের ছোট স্টার্ট-আপ দিয়ে তাদের উদ্যোক্তা যাত্রা শুরু করার জন্য উৎসাহিত করেন। তিনি বলেন, শিক্ষার্থীদের শিক্ষাজীবন এবং সৃজনশীল সাধনাকে পৃথক বা বিপরীত পথ হিসেবে দেখা উচিত নয়। উভয়ই সমানভাবে মূল্যবান এবং কার্যকরভাবে ভারসাম্যপূর্ণ হতে পারে।

প্রধানমন্ত্রী নাগরিক দায়িত্ববোধের গুরুত্বের উপরও জোর দিয়ে শিক্ষার্থীদের আবর্জনা না ফেলা, রাস্তায় থুথু না ফেলা, ট্রাফিক সিগন্যাল মেনে চলা এবং খাবারের অপচয় এড়ানোর মতো মৌলিক নিয়ম মেনে চলার আহ্বান জানান। তিনি বলেন, শৃঙ্খলাবদ্ধ দৈনন্দিন আচরণ জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ভোকাল ফর লোকালের মতো উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় তৈরি পণ্য দেশীয় অর্থনীতিকে শক্তিশালী করে। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে নাগরিকদের নেওয়া প্রতিটি ছোট পদক্ষেপ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে অবদান রাখবে।

কৃত্রিম বুদ্ধিমত্তা এবং প্রযুক্তিকে ভয় পাওয়া উচিত কিনা এবং শিক্ষার্থীরা কীভাবে তাদের ক্যারিয়ার গড়তে প্রযুক্তি ব্যবহার করতে পারে, এই প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী প্রযুক্তিকে একজন শক্তিশালী শিক্ষক হিসেবে বর্ণনা করেন

এবং শিক্ষার্থীদের সচেতনতা এবং দায়িত্বের সাথে এটিকে গ্রহণ করতে উৎসাহিত করেন।

প্রধানমন্ত্রী বলেন, খেলাধুলাকে দৈনন্দিন জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ করে তুলতে হবে এবং শিক্ষার্থীদের দিনে অন্তত একবার শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম অনুশীলন করা উচিত। তিনি বলেন, পরীক্ষা পে চর্চা কর্মসূচির লক্ষ্য হল পরীক্ষার চাপ নিয়ে আলোচনা করা এবং পরীক্ষাকে উৎসব এবং জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে উদযাপন করা।

######Byte-PM######

******************************

**Review Meeting :**

সংখ্যালঘু কল্যাণমন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, পিএম জনমন প্রকল্পের মাধ্যমে রাজ্যে দুর্বল জনজাতি গোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক উন্নতি হচ্ছে। আজ সচিবালয়ে পিএম জনমন প্রকল্প সহ বেশ কিছু প্রকল্পের অগ্রগতি নিয়ে পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। বৈঠকে নিরাপদ আবাসন, বিশুদ্ধ পানীয় জল, স্যানিটেশন, শিক্ষা, স্বাস্থ্য এবং পুষ্টির পাশাপাশি উন্নত সড়ক ও টেলিযোগাযোগ সংযোগ এবং আবাসস্থলগুলিতে সুস্থায়ী জীবিকার বিষয়গুলি নিয়ে আলোচনা হয়।

**************************

**New Rail :**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ নয়াদিল্লি থেকে মিজোরামের সাইরাং এবং আসামের শিলচরের মধ্যে নতুন যাত্রীবাহী ট্রেন পরিষেবার ভার্চুয়ালি উদ্বোধন করেন। তিনি বলেন, গত ১১ বছরে উত্তর-পূর্ব রাজ্যগুলিতে ১,৯০০ কিলোমিটার নতুন রেলপথ স্থাপন করা হয়েছে।

*****************************

**TBJEE :**

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ড পরিচালিত এই বছরের এন্ট্রান্স পরীক্ষার জন্য আগামীকাল বিকেল ৪টা থেকে অনলাইনে আবেদন শুরু হবে। তা চলবে আগামী ১৮ই ফেব্রুয়ারী পর্যন্ত। বোর্ডের চেয়ারম্যান শুভদীপ পাল আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, এবছর জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার সম্ভাব্য তারিখা আগামী ২২শে এপ্রিল।

*****************************

**Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের ট্রাউ দল জয়লাভ করেছে। নির্ধারিত সময় এবং অতিরিক্ত সময়েও গোলশূন্য থাকায় পেনাল্টি শুটআউটে মনিপুরের ট্রাউ দল পাঁচ-চার গোলের ব্যবধানে জম্পুইজলা F.C দলকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************